



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৬০৬

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬

০৪ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: খাদ্যবান্ধবসহ বিভিন্ন খাতে বিলি-বিতরণের লক্ষ্যে রংপুর বিভাগে আমন'১৮-১৯ সিদ্ধ চালের চলাচল সূচি স্থানান্তরের পূর্বানুমোদন প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর এর ০১/০৯/২০১৯ খ্রিঃ তারিখের ১৩.০৮.০০০০.০০৫.৫০.০৭৪.১৪-২১১৪ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে, নীলফামারী জেলার জলঢাকা ও ডিমলা এলএসডিতে সেপ্টেম্বর'১৯ মাসে খাদ্যবান্ধব, ভিজিডি ও ইপি/ওপি খাতে বিলি-বিতরণের জন্য চাহিদাকৃত আমন'১৮-১৯ সিদ্ধ চাল সরবরাহ করা প্রয়োজন। রংপুর বিভাগের বিভিন্ন জেলায় আমন'১৮-১৯ চালের মজুত রয়েছে এবং ওয়ারেন্টি অনুযায়ী আমন'১৮-১৯ চাল বিলি-বিতরণের মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে মজুত উদ্ধৃত জেলা হতে স্বল্প দূরত্ব বিবেচনায় আমন'১৮-১৯ সিদ্ধ চাল ডিআরটিসির সূচির মাধ্যমে নীলফামারী জেলার চাহিদাকৃত এলএসডিতে স্থানান্তর পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর কর্তৃক অনুরোধ করা হয়েছে।

সারণি-১ : রংপুর বিভাগে আমন'১৮-১৯ সিদ্ধ চালের পূর্বানুমোদন এর প্রস্তাব


প্রেরক জেলা	প্রেরক কেন্দ্র	আমন'১৮-১৯ চালের বর্তমান মজুত	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	আমন'১৮-১৯ চালের বর্তমান মজুত	সেপ্টেম্বর'১৯ পর্যন্ত চাহিদা	প্রস্তাবিত পরিমাণ (মে.টন)	মন্তব্য
পঞ্চগড়	দেবীগঞ্জ এলএসডি	২৪৬০	নীলফামারী	জলঢাকা এলএসডি	৬০৩	১০৭০	৫০০	
				ডিমলা এলএসডি	৪৫৫	৯৬০	৫০০	
						মোট =	১০০০	

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর এর প্রস্তাবমতে সেপ্টেম্বর'১৯ মাস পর্যন্ত ওয়ারেন্টি অনুযায়ী খাদ্যবান্ধব, ভিজিডি ও ইপি/ওপিসহ বিভিন্ন খাতে বিলি-বিতরণের মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে আমন'১৮-১৯ সিদ্ধ চালের ডিআরটিসি সূচি জারির পূর্বানুমোদন সারণি-১ এ উল্লিখিত প্রস্তাব অনুমোদন প্রদান প্রস্তাব অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

উল্লেখ্য যে, অত্র পূর্বানুমোদনের আওতায় সংগৃহীত বোরো'২০১৯ সিদ্ধ চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির

পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে। এতদবিষয়ে, 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-২৬৫ নং পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে। এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার জন্য অনুসরণ করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৪-৯-২০১৯

উৎপল কুমার সাহা

অতিরিক্ত পরিচালক (চলাচল) (চলতি দায়িত্ব)

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রংপুর বিভাগ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৬০৬/১(৮)

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬

০৪ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী, রংপুর।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পঞ্চগড়, রংপুর।



৪-৯-২০১৯

উৎপল কুমার সাহা

অতিরিক্ত পরিচালক (চলাচল) (চলতি দায়িত্ব)